

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
পরিকল্পনা-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.১২৩.১৪.০০৬.২১.৬১

তারিখ: ৬ আষাঢ়, ১৪২৮

২০ জুন ২০২১

বিষয়: “সরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে WiFi ইন্টারনেট সেবা প্রদান (২য় পর্যায়)” প্রকল্পে সদ্য সরকারিকৃত ২৬৮টি কলেজের অন্তর্ভুক্তির জন্য সম্মতি/অনাপত্তি প্রদান সংক্রান্ত।

সূত্র: ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর পত্র নং-১৪.০০.০০০০.০১৪.১৪.০০৬.২০-১১২০, তারিখ: ০৭/০৬/২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের ডাক ও টেলিযোগাযোগ বিভাগ আওতায় অপটিক্যাল ফাইবার কেবলের মাধ্যমে “সরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে WiFi ইন্টারনেট সেবা প্রদান (২য় পর্যায়)” প্রকল্পে সদ্য সরকারিকৃত ২৬৮টি কলেজের অন্তর্ভুক্তির জন্য মতামত সূত্রোক্ত পত্রে জানানোর অনুরোধ করা হয়েছে। দেশের সকল সরকারি কলেজ/বিশ্ববিদ্যালয়/ ট্রেনিং ইন্সটিটিউটে উচ্চগতির ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন বিটিসিএল কর্তৃক বাস্তবায়িত ‘দেশের সকল সরকারি কলেজ/বিশ্ববিদ্যালয় ও ট্রেনিং ইন্সটিটিউট এ অপটিক্যাল ফাইবার কেবল নেটওয়ার্ক স্থাপন’ শীর্ষক প্রকল্পের মাধ্যমে সর্বমোট ৫৮৭টি সরকারি কলেজ/বিশ্ববিদ্যালয় ও ট্রেনিং ইন্সটিটিউটকে বিটিসিএল এর অপটিক্যাল ফাইবার কেবল নেটওয়ার্কের আওতায় সদ্য সরকারিকৃত ২৭১টি কলেজের মধ্যে ৩টি কলেজ অন্তর্ভুক্ত রয়েছে। এ বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানের ব্যয় সংশ্লিষ্টতা আছে কি না, থাকলে কি পরিমাণ তা উল্লেখ নেই। ইতোমধ্যে স্থাপিত WiFi সেবা কতটা কার্যকর তাও জানা প্রয়োজন। তাই এ বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মতামত প্রয়োজন।

এমতাবস্থায়, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ কর্তৃক বাস্তবায়নের জন্য প্রস্তাবিত “সরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে WiFi ইন্টারনেট সেবা প্রদান (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পে ২৬৮টি সরকারি কলেজ অন্তর্ভুক্তির বিষয়ে ইতোমধ্যে স্থাপিত WiFi সুবিধা বিবেচনা করে আগামী ০১ সপ্তাহের মধ্যে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০-৬-২০২১

মোহাম্মদ রফিকুল ইসলাম
উপসচিব

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা
ভবন, ঢাকা।

ফোন: ৯৫৪০৬১৪

ইমেইল: rafiqueac_07@yahoo.com

দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন উইং)

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.১২৩.১৪.০০৬.২১.৬১/১(৩)

তারিখ: ৬ আষাঢ়. ১৪২৮

২০ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) অতিরিক্ত সচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



২০-৬-২০২১

মোহাম্মদ রফিকুল ইসলাম
উপসচিব